

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪.০০১.২৬. ৪৫০

তারিখ: ২৯/০৪/২০২৬ খ্রি.

### বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের ১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আগামী ০৩ মে ২০২৬ তারিখ, রবিবার, সকাল ৯:০০ ঘটিকায় সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসমূহে একযোগে অনুষ্ঠিত হবে। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রাম মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-০৩, ৪র্থ তলা) হতে শুব উদ্বোধন করবেন। উল্লিখিত এমবিবিএস কোর্সের ১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম নিম্নরূপ :

**১ম দিন :** (ক) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে আয়োজিত আগামী ০৩ মে ২০২৬ সকাল ৯:০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য ওরিয়েন্টেশন প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষবৃন্দ যথাসময়ে অনলাইন প্লাটফর্মে সংযুক্ত হবেন যাতে সরকারি ও বেসরকারি মোট ১১২টি মেডিকেল কলেজ এবং প্রায় সাড়ে ১১ (এগারো) হাজার শিক্ষার্থী জুমের মাধ্যমে সংযুক্ত থাকবেন।

(খ) এই কেন্দ্রীয় অনুষ্ঠান শেষে প্রতিটি মেডিকেল কলেজ নিজ নিজ অনুষ্ঠান আয়োজন করবে। 'একজন শিক্ষার্থী একটি বৃক্ষ' এই কর্মসূচির আওতায় প্রত্যেক শিক্ষার্থী একটি বৃক্ষ রোপন করবে। সারা দেশে ১১ (এগারো) সহস্রাধিক বৃক্ষ রোপন সম্পন্ন হবে।

**২য় দিন:** আগামী ০৪ মে ২০২৬ সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নবীন শিক্ষার্থীদের কলেজের বিভিন্ন বিভাগ পরিদর্শন এবং তাদের কারিকুলাম বিষয়ে অবগত করবেন।

**৩য় দিন:** আগামী ০৫ মে ২০২৬ শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি এবং চিকিৎসা শিক্ষা বিষয়ে উৎসাহ প্রদানের জন্য শিক্ষকদের সমন্বয়ে কলেজ কর্তৃপক্ষ মোটিভেশনাল লেকচার ক্লাসের ব্যবস্থা করবেন।

এমতাবস্থায়, বর্ণিত অনুষ্ঠানসমূহ সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

অধ্যাপক ডা. সাকি মো. জারিকউল আলম  
পরিচালক (চিকিৎসা শিক্ষা)  
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
ফোন: ৪৮৮১১২০০  
Email: medicaledu313@gmail.com

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪.০০১.২৬. ৪৫০

তারিখ: ২৯/০৪/২০২৬ খ্রি.

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
- ২) মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
- ৩) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
- ৪) উপাচার্য, ..... মেডিকেল বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট সকল)
- ৫) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ঢাকা।